দৈনিক সংবাদ

তারিখ 04 JAN 1986
পৃষ্ঠা 1 কলাম 6

22

# ১২ ও ১৪ই জানুয়ারী সরকারী মাধ্যমিক স্কুলে ভর্তি পরীক্ষা

ঢাকা মেট্রোপলিটন এলাকায় সরকারী মাধ্যমিক স্কুলসমূহের ভর্তি পরীক্ষা আগামী ১২ই ও ১৪ই জানুয়ারী সকাল ১০টায় অনুষ্ঠিত হবে।

এক সরকারী ঘোষণায় বলা হয়, গত ৩০শে ডিসেম্বর মতিঝিল সরকারী হাই স্কুলে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের সহ-পরিচালক জনাব এম, এ রহিমের সভাপতিত্বে স্কুল প্রধানদের এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত অনুযায়ী নিজ নিজ স্কুলে ১২ই জানুয়ারী ছাত্রীদের এবং ১৪ই জানুয়ারী ছাত্রদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর জন্য বাংলা ও অংক এবং তদূর্ধ ক্লাসের জন্য বাংলা, অংক ও ইংরেজী বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট স্কুলে অফিস-চলাকালীন সময়ে ভর্তির ফরম পাওয়া যাবে। খবর এনার।